# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


**স্বারক নং ঃ মাউশিবোদি/পনি/পরী/এইচএসসি/২০২১/৩৬৩১(১০০০)** **তারিখ ঃ ০৪/১১/২০২১ খ্রিঃ**

## ২০২১ সালের এসএসসি পরীক্ষার আদায়কৃত অর্থের অব্যয়িত কেন্দ্র ফি ও বোর্ড ফি ফেরত প্রদান সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষা সংক্ষিপ্ত পরিসরে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার্থীদের তত্ত্বীয় পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্ত:শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৬৬তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ৫৩৩তম সভায় অনুমোদিত হয়।

১) **বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত প্রদান ঃ**

ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের প্রবেশ পত্রে উল্লিখিত পত্র/পত্রসমূহের মধ্যে যে সকল পত্রে/বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই সকল পত্র/বিষয় ব্যতিত বাকি পত্র/বিষয়ের জন্য বোর্ড কর্তৃক আদায়কৃত নির্ধারিত ফি হতে পত্রপ্রতি (তত্ত্বীয়) ৩০/= (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

খ) পরীক্ষার্থীর ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে (যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে), বোর্ড কর্তৃক আদায়কৃত নির্ধারিত ফি হতে বিষয় প্রতি ২০/- (বিশ) টাকা এবং আইসিটি ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০ (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

**বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ পরীক্ষার্থীর নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।**

২) **কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত প্রদান ঃ**

ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে এবং পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে (০১/০২/০৩ বিষয়) তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা করে ফেরত প্রদান করতে হবে।

খ) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পুরণ করেছে কিন্তু পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবেনা তাদেরকে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত সমুদয় অর্থ ফেরত প্রদান করতে হবে।

গ) যে সকল পরীক্ষার্থীর নিকট হতে ফরমপুরণের সময় প্রতিষ্ঠান আইসিটি বিষয়ের ব্যবহারিক ফি আদায় করেছে, তাদেরকে ২৫/- (পঁচিশ) টাকা করে ফেরত প্রদান করতে হবে।

ঘ) যে সকল পরীক্ষার্থীর নিকট হতে ফরমপুরণের সময় প্রতিষ্ঠান চতুর্থ বিষয়ের ব্যবহারিক ফি আদায় করেছে, তাদেরকে ১০/- (দশ) টাকা করে ফেরত প্রদান করতে হবে।

**প্রতিটি কেন্দ্র তাঁর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহকে উপরোক্ত হিসাব অনুযায়ী প্রাপ্য অর্থ ফেরত প্রদান করবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ ও অব্যয়িত কেন্দ্র ফি গ্রহণ করবে।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৪/১১/২০২১

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

**অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৪। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান/কেন্দ্র।
০৫। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৮। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
১১। Website Copy।
১২। সংরক্ষণ নথি।

G:\SSC All Documents\2021\Form Fillup\Fillup Taka Return.doc >>1